

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৭৭

খোয়াই, ১৫ নভেম্বর, ২০২৩

খোয়াইয়ে জনজাতীয় গৌরব দিবস উদযাপন

খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে আজ জনজাতীয় গৌরব দিবস উদযাপন এবং বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা আগরতলা থেকে সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথশর্মা, ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, জিলা পরিষদের সদস্য-সদস্যা, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের যুগ্মসচিব অমিত শুক্লা, খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন, খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্ৰবৰ্তী সহ জেলার বিভিন্ন ইকোনোমিক প্রক্ষেপণ পরিকল্পনার প্রতিনিধি। আগরতলায় আয়োজিত অনুষ্ঠান সরাসরি দেখানোর আগে কনফারেন্স হলে উপস্থিত অতিথিগণ শপথবাক্য পাঠ করেন। অনুষ্ঠান সম্প্রচারের পর সভাধিপতি জয়দেব দেববর্মা, যুগ্ম সচিব অমিত শুক্লা, জেলাশাসক চান্দনী চন্দ্রন জনজাতীয় গৌরব দিবস, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
